Forum for Strategic Dialogue (FSD)

# জাতীয় দাওয়াহ কৌশল রূপকল্প

Research · Strategy · Impact

বাংলাদেশে ইসলামি দাওয়াহ নিয়ে দেশব্যাপী জরিপ ও কৌশলগত রূপরেখা দুই খণ্ডের গ্রন্থের সংক্ষিপ্ত উপস্থাপনা

**প্রথম খণ্ড**

### জরিপ ফলাফল বিশ্লেষণ

৫৪৮ জন উত্তরদাতার মতামতে দাওয়াহর বর্তমান চিত্র

**দ্বিতীয় খণ্ড**

### কৌশলগত রূপরেখা

নয়টি ক্ষেত্রে ৭২টি সুপারিশ, ৪টি মডেল ও ৮টি পাইলট

# যেখান থেকে শুরু

কোনো তত্ত্ব থেকে নয় - চারপাশের কিছু সাধারণ পর্যবেক্ষণ থেকে।

**আমাদের অধিকাংশ দাওয়াহ পরিচালিত হয় মসজিদ, ওয়াজ-মাহফিল ও দ্বীনি আয়োজনকে ঘিরে। ফলে দাওয়াহ মূলত তাঁদের কাছেই পৌঁছায়, যাঁরা আগে থেকেই সেখানে আসেন।**

**অথচ যারা মসজিদ আসে না ও দ্বীনি আয়োজন থেকে দূরে, তাদের কাছে দাওয়াহ খুব কমই পৌঁছায়।**

**ফলে মুসলিম পরিবারে জন্ম নিয়েও বিশাল একটি জনগোষ্ঠী দ্বীন থেকে দূরে।**

**জুমায় উপচে পড়া ভিড়,**
**কিন্তু পাঁচ ওয়াক্তে মসজিদে উপস্থিতি অনেক কম**

**দেশের বড় একটি জনগোষ্ঠী মুসলিম পরিবারে জন্মগ্রহন করেও মসজিদেই আসে না:**
**নামেমাত্র মুসলিম**

**আমাদের দাওয়াহর বড় চ্যালেঞ্জ:**
যারা আসে, আমরা মূলত তাদের কাছেই পৌঁছাই
যারা আসে না , তাদের কাছে পৌঁছানোর তেমন উদ্যোগ নেই

# কীভাবে তৈরি হলো এই জাতীয় দাওয়াহ কৌশল রূপকল্প

বাস্তব পর্যবেক্ষণ থেকে একটি গবেষণাভিত্তিক দাওয়াহ কৌশল পর্যন্ত

**বাস্তবতা পর্যবেক্ষণ**

মাঠের বাস্তব সমস্যা ও সীমাবদ্ধতা থেকে শুরু

**দেশব্যাপী জরিপ**

বিভিন্ন শ্রেণির মানুষের অভিজ্ঞতা ও প্রত্যাশা

**মূল ঘাটতি শনাক্ত**

কোথায় দাওয়াহ দুর্বল, কারা থেকে যাচ্ছে বাইরে

**বহুমাত্রিক কর্মশালা**

আলেম, দাঈ, গবেষক ও পেশাজীবীদের সমাধানচিন্তা

**কৌশল ও করণীয়**

লক্ষ্যভিত্তিক দিকনির্দেশ, মডেল ও পাইলট

**পর্যালোচিত দাওয়াহ কৌশল রূপকল্প**

আলেম ও গবেষকদের পর্যালোচনায় চূড়ান্ত রূপরেখা

### দেশব্যাপী জরিপ

জুলাই-আগস্ট ২০২৫ · Google Form · ৬০০টি জমা, ৫৪৮টি বৈধ উত্তর বিশ্লেষণে অন্তর্ভুক্ত।

### বহুমাত্রিক কর্মশালা

আলেম, দাঈ, গবেষক, শিক্ষক, নারী প্রতিনিধি, চিকিৎসক, প্রকৌশলী ও পেশাজীবী।

### চূড়ান্ত আউটপুট

৯টি কৌশলগত ক্ষেত্র · ৭২টি করণীয় · ৪টি আদর্শ মডেল · ৮টি পাইলট উদ্যোগ।

# এই ‘জাতীয় দাওয়াহ কৌশল রূপকল্প’ বইটিতে কী আছে

দুই খণ্ড · প্রায় ৮১ পৃষ্ঠা - এক নজরে পুরো রূপকল্পটি।

**২০**
দাওয়াহর ২০টি বাস্তবতা ও চ্যালেঞ্জ

**৯**
দাওয়াহ পুনর্গঠনের ৯টি প্রধান ক্ষেত্র

**৭২**
দাওয়াহ অঙ্গনের ঘাটতি পূরণে ৭২টি সুপারিশ

**২০**
দাওয়াহ উন্নয়নে ২০টি গবেষণা সুপারিশ

**১০**
দাওয়াহর ১০টি অডিয়েন্স সেগমেন্ট

**৪**
দাওয়াহর ৪টি আদর্শ প্রাতিষ্ঠানিক মডেল

**৮**
কীভাবে শুরু করবেন: ৮টি পাইলট উদ্যোগ

**১০**
প্রস্তুতি-চেকলিস্ট প্রশ্ন ১০টি

*বাধ্যতামূলক তালিকা নয় - একটি উন্মুক্ত মেনু। যে যার সামর্থ্য ও প্রেক্ষাপট অনুযায়ী যেটুকু প্রাসঙ্গিক, সেটুকুই নেবেন।*

# দশটি সংখ্যা, যা আমাদের ভাবাবে

৫৪৮ জন উত্তরদাতার মতামত থেকে।

**৯৫%**

মুসলিমদের বৃহত্তর স্বার্থে ন্যূনতম ঐক্য চান; বিপক্ষে মাত্র ০.৪%

**৯৪%**

মনে করেন দাওয়াহ খাতে সম্পদ ব্যবহারে গুরুতর ভারসাম্যহীনতা আছে; মসজিদ-মাদ্রাসার ভবনে বেশি বিনিয়োগ, দাঈ-কন্টেন্ট-গবেষণায় অনেক কম

**৮২%**

সুন্নাহ অনুসরণে সেবামূলক ও মানবিক কাজের মাধ্যমে দ্বীনের সৌন্দর্যের প্রকাশকেই দাওয়াহর কার্যকর উপায় মনে করেন

**৯৭%**

মনে করেন বাংলাভাষী আলেমদের আধুনিক যোগাযোগ-প্রশিক্ষণ প্রয়োজন

**৯০%**

বলছেন, দ্বীন ও সালাতবিমুখ বিশাল জনগোষ্ঠীর কাছে দাওয়াহ পর্যাপ্তভাবে পৌঁছাচ্ছে না

**৭৩%**

মনে করেন অধিকাংশ ধর্মীয় ব্যক্তিত্বকে দেখে সাধারণ বা দ্বীনবিমুখ মানুষ দ্বীনের পথে আসার আগ্রহ অনুভব করে না

**৯০%**

মনে করেন মাদ্রাসাগুলো জাতির হাল ধরার মত নেতৃত্ব তৈরিতে যথেষ্ট সফল নয়

**৭৪%**

বলছেন সোশ্যাল মিডিয়া ও বিনোদনের আসক্তি তরুণদের দূরে সরিয়ে নিচ্ছে

**৬৩.৫%**

মনে করেন দাওয়াহ নিয়ে সুনির্দিষ্ট গবেষণা বা জাতীয় কৌশল নেই

**৯৭%**

বেশি বেশি মসজিদ-মাদ্রাসা নির্মাণ ও ওয়াজ মাহফিলকে আগামী ৫ বছরে দাওয়াহর অগ্রাধিকার মনে করেন না

*এই দশটি সংখ্যা একসঙ্গে বলছে, দাওয়াহর পদ্ধতি, অগ্রাধিকার ও বিনিয়োগ নতুনভাবে ভাবার সময় এসেছে।*

# মানুষ আসলে কী চাইছে

পুরো জরিপের রায় তিনটি বাক্যে ধরা যায়।

| | | | |
|---|---|---|---|
| বয়ানকেন্দ্রিক | সেবাকেন্দ্রিক | ৮২% | সুন্নাহভিত্তিক মানবিক সেবা ও জনকল্যাণমূলক কাজ |
| অবকাঠামোনির্ভর | কনটেন্ট ও চিন্তা | ৯৪% | নির্মাণে বিপুল ব্যয়, গবেষণা ও কনটেন্টে বিনিয়োগ সামান্য |
| বিচ্ছিন্নতাও বিদ্বেষ | ন্যূনতম ঐক্য | ৯৫% | বৃহত্তর স্বার্থের ইস্যুতে সমন্বয় ও সহযোগিতা |

# যাদের কাছে আমাদের দাওয়াহ কার্যকরভাবে পৌঁছাচ্ছে না

উত্তরদাতাদের দৃষ্টিতে দাওয়াহর সবচেয়ে উপেক্ষিত জনগোষ্ঠীসমূহ

**কিশোর কিশোরী ও স্কুল পড়ুয়া নতুন প্রজন্ম**
৬৬%

**আধুনিক শিক্ষিত কলেজ ও বিশ্ববিদ্যালয়ের তরুণ**
৬৩%

**গ্রামীণ দরিদ্র ও শ্রমজীবী**
৪৩%

**গৃহিণী ও কর্মজীবী নারী**
৩৬%

**সমাজের নেতৃত্বশীল শ্রেনি**
৩০%

# দাওয়াহ পুনর্গঠনের ৯টি কৌশলগত ক্ষেত্র

কোন বাস্তব সমস্যা থেকে কোন করণীয় এসেছে, প্রতিটি ক্ষেত্রের শুরুতেই তা স্পষ্ট করা হয়েছে

**১** উলামা ও দাঈদের কৌশলগত নেতৃত্ব
১৫টি সুপারিশ

**২** মসজিদ ও দাওয়াহ কেন্দ্রের রূপান্তর
১৪টি সুপারিশ

**৩** ডিজিটাল দাওয়াহ ও মিডিয়া কৌশল
১১টি সুপারিশ

**৪** ইসলামি শিক্ষাব্যবস্থার সংস্কার
৭টি সুপারিশ

**৫** পেশাজীবী ও সাধারণ মুসলিমের সক্ষমতা
৪টি সুপারিশ

**৬** ইসলামি গবেষণা ও বুদ্ধিবৃত্তিক নেতৃত্ব
৬টি সুপারিশ

**৭** কমিউনিটি সম্পৃক্ততা ও জবাবদিহিতা
৪টি সুপারিশ

**৮** তরুণ ও শিক্ষিত শ্রেণিকে অংশীদার করা
৭টি সুপারিশ

**৯** মাঠপর্যায়ে সামাজিক দাওয়াহ ও আউটরিচ
৪টি সুপারিশ

*মোট ৭২টি সুপারিশ, প্রতিটির সঙ্গে সম্ভাব্য দায়িত্বশীল পক্ষ চিহ্নিত।*

# দাওয়াহর ৪টি আদর্শ মডেল

কৌশলকে টেকসই প্রাতিষ্ঠানিক কাঠামোয় রূপ দেওয়ার চারটি প্রস্তাবিত মডেল

### ১ আদর্শ মসজিদ মডেল

মসজিদকে ইবাদত, শিক্ষা, দাওয়াহ ও সমাজসেবার প্রাণকেন্দ্রে রূপান্তর

**১২টি কার্যকর উদ্যোগের প্রস্তাব**

### ২ আদর্শ দাওয়াহ ইনস্টিটিউট / সেন্টার

প্রশিক্ষণ, কনটেন্ট, গবেষণা, সেবা ও আউটরিচকে এক কাঠামোয় আনা

**১৫টি কার্যকর উদ্যোগের প্রস্তাব**

### ৩ কনটেন্ট কাউন্সিল মডেল

সঠিক বার্তা, সঠিক শ্রেণির কাছে, সঠিক ফরম্যাটে পৌঁছানোর ব্যবস্থা

**১৩টি কার্যকর উদ্যোগের প্রস্তাব**

### ৪ কেন্দ্রীয় দাওয়াহ কোঅর্ডিনেশন ফোরাম

বিচ্ছিন্ন উদ্যোগকে সমন্বিত করে পুনরাবৃত্তি কমানো ও যৌথ প্রভাব তৈরি

**১০টি কার্যকর উদ্যোগের প্রস্তাব**

*মডেলগুলো দেখায় কাঠামো কেমন হবে, পাইলটগুলো দেখায় কাজটি শুরু হবে কীভাবে।*

# বাস্তবে শুরু করার ৮টি পাইলট

ছোট পরিসরে পরীক্ষা, শেখা ও সফল হলে সম্প্রসারণের জন্য প্রস্তুত বাস্তবায়ন রূপরেখা

**১** **টি-স্টল সংলাপ** — ৪ ধাপে বাস্তবায়ন
মসজিদের বাইরে সম্পর্কভিত্তিক দাওয়াহ

**২** **গ্রামীণ সাপ্তাহিক দ্বীনি শিক্ষা** — ৫ ধাপে বাস্তবায়ন
শ্রমজীবী ও প্রান্তিক মানুষের মৌলিক ইসলাম শিক্ষা

**৩** **ইউথ দাওয়াহ ফেলোশিপ** — ৪ ধাপে বাস্তবায়ন
তরুণদের ঈমান, চিন্তা ও নেতৃত্বে প্রস্তুত করা

**৪** **কনটেন্ট রিভিউ ওয়ার্কফ্লো** — ৫ ধাপে বাস্তবায়ন
শরঈ ও পেশাদার মান নিশ্চিত করা

**৫** **মসজিদভিত্তিক সহায়তা কেন্দ্র** — ৪ ধাপে বাস্তবায়ন
মানুষের সংকটে মসজিদকে প্রথম আশ্রয় করা

**৬** **নারীদের কুরআন শিক্ষা ও তারবিয়াহ** — ৫ ধাপে বাস্তবায়ন
নিরাপদ ঘরোয়া পরিবেশে দ্বীনি শিক্ষা

**৭** **নতুন ও দূরবর্তী মুসলিম ফলো-আপ** — ৪ ধাপে বাস্তবায়ন
প্রাথমিক আগ্রহের পর ধারাবাহিক সহায়তা

**৮** **জেলা দাওয়াহ কোঅর্ডিনেশন** — ৪ ধাপে বাস্তবায়ন
জেলার প্রতিষ্ঠানগুলোকে লক্ষ্যভিত্তিক দাওয়াহতে যুক্ত করা

*শুধু কী করা দরকার নয়, ছোট পরিসরে কীভাবে শুরু করা যায়, সেটিও দেখানো হয়েছে।*

# আপনি কোথায় দাঁড়াবেন

এই রূপরেখার সবটুকু কারও একার কাজ নয়। প্রত্যেকের জন্য একটি করে জায়গা আছে।

১

### আলেম ও দাঈ

মানুষের বাস্তবতা বুঝে দাওয়াহ ও নেতৃত্বে এগিয়ে আসুন

২

### মসজিদ কমিটি

মসজিদকে ইবাদতের পাশাপাশি শিক্ষা, দাওয়াহ ও সেবার জীবন্ত কেন্দ্রে পরিণত করুন

৩

### পেশাজীবী

নিজের দক্ষতা, পেশা ও নেটওয়ার্ককে দ্বীনের কাজে যুক্ত করুন

৪

### তরুণ ও শিক্ষার্থী

শুধু শ্রোতা নয়, দাওয়াহর সক্রিয় অংশীদার হোন

৫

### দাতা ও শুভানুধ্যায়ী

শুধু ভবনে নয়, মানুষ, গবেষণা, কনটেন্ট ও সক্ষমতা তৈরিতেও বিনিয়োগ করুন

*আপনার ভূমিকা এখানে চিহ্নিত। কিন্তু কী করবেন, কীভাবে করবেন এবং কোথা থেকে শুরু করবেন, তার পূর্ণ পথনকশা রয়েছে এই বইয়ে।*

# আপনি আজ থেকেই কী করতে পারেন

এই জাতীয় দাওয়াহ কৌশল রুপকল্পটি শুধু শেয়ার নয়, সংশ্লিষ্ট মানুষ ও প্রতিষ্ঠানের সঙ্গে বসে পরিবর্তনের আলোচনা শুরু করুন।

১

### নিকটস্থ মসজিদের সঙ্গে বসুন

‘আদর্শ মসজিদ মডেল’ শেয়ার করুন এবং স্থানীয় বাস্তবায়নের উপায় নিয়ে আলোচনা করুন

২

### পরিচিত আলেম ও দাঈদের সঙ্গে বসুন

জরিপে উঠে আসা মানুষের প্রশ্ন, প্রত্যাশা, দাওয়াহর নতুন চাহিদা ও প্রস্তাবনাগুলো তুলে ধরুন।

৩

### পরিচিত মাদরাসার সঙ্গে বসুন

আগামী প্রজন্মের আলেম গঠনে প্রয়োজনীয় দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও অগ্রাধিকার নিয়ে কর্মশালার সুপারিশগুলো আলোচনা করুন।

৪

### ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্টের সঙ্গে বসুন

দাওয়াহ কর্মশালা থেকে উঠে আসা গবেষণা ক্ষেত্রগুলো তাঁদের সামনে তুলে ধরুন এবং গবেষণায় উৎসাহিত করুন।

৫

### দাওয়াহ প্রতিষ্ঠানগুলোর সঙ্গে বসুন

প্রশিক্ষণ, কনটেন্ট, গবেষণা, সেবা ও outreach একসঙ্গে পরিচালনার মডেলটি শেয়ার করুন।

৬

### দাতা ও শুভানুধ্যায়ীদের সঙ্গে বসুন

জরিপে উঠে আসা বিনিয়োগের ভারসাম্যহীনতা তুলে ধরুন এবং কনটেন্ট, গবেষণা, প্রশিক্ষণ ও আউটরিচে বিনিয়োগে উৎসাহিত করুন।

**একজনের সঙ্গে বসুন। একটি ধারণা শেয়ার করুন। একটি পরিবর্তনের সূচনা করুন।**

■ দাওয়াহর আগামী পথ: আমাদের সম্মিলিত দায়িত্ব

# পূর্ণ রূপরেখাটি উন্মুক্ত ও অবাধে ব্যবহারযোগ্য

যেকোনো মসজিদ, মাদ্রাসা, সংগঠন বা ব্যক্তি নিজ প্রেক্ষাপট অনুযায়ী এর প্রাসঙ্গিক অংশ স্বাধীনভাবে গ্রহণ ও বাস্তবায়ন করতে পারবেন।

*এই উদ্যোগের গবেষণা, পুনর্মুদ্রণ ও বিস্তারে সহযোগী হতে পারেন।*
*সহযোগিতার জন্য: info@fsdbd.org or 01711504862*

**fsdbd.org/national-dawah-blueprint**

স্ক্যান করে
ইন্টারঅ্যাকটিভ সংস্করণ দেখুন

**ফোরাম ফর স্ট্র্যাটেজিক ডায়ালগ (FSD)**
ইমাম বুখারী ট্রাস্ট